[redacted]

[redacted]

আগুয়েরোর রেকর্ড ভেঙে দিলেন হ্যারি কেইন

প্রতিপক্ষের মাঠে টটেনহ্যামকে বেশ চাপে রেখেছিল উলভারহ্যাম্পটন। গোলশূন্য ছিল প্রথমার্ধ। কিন্তু ইংলিশ তারকা হ্যারি কেইনের দুর্দান্ত এক হেডে হার মানতে হলো উলভারের।

দ্বিতীয়ার্ধে ইভান পেরিসিচের ক্রসে পাওয়া বলে লাফিয়ে উঠে হেডে দলকে জয়সূচক গোল এনে দেন টটেনহ্যাম অধিনায়ক। তাতে ১-০ গোলে হেরে যায় উলভারহ্যাম্পটন।

আর এই জয়সূচক গোলের সুবাদে ইংলিশ প্রিমিয়ার লিগের একটি রেকর্ডও নিজের করে নিয়েছেন হ্যারি কেইন। আর্জেন্টাইন সুপারস্টার সার্জিও আগুয়েরোর রেকর্ডটি ভেঙে দিলেন তিনি।

ম্যানচেস্টার সিটির হয়ে ১৮৫ গোল করেছেন আগুয়েরো, যা ছিল ইংলিশ প্রিমিয়ার লিগে ইতিহাসে এক ক্লাবের হয়ে সর্বোচ্চ গোলের রেকর্ড।

আর শনিবার রাতের ম্যাচে টটেনহ্যামের হয়ে ১৮৬তম গোল করলেন হ্যারি কেইন। তাতে ভেঙে গেল আগুয়েরোর রেকর্ডটি। টটেনহ্যামের হয়ে সব টুর্নামেন্ট মিলিয়ে ২৫০ গোল ঝুলিতে জমা করেছেন কেইন।

আর তার টটেনহ্যাম জমা করল এক হাজার গোল। ১৯৯২ সাল থেকে প্রিমিয়ার লিগ নামকরণ হওয়ার পর পঞ্চম দল হিসেবে এক হাজার গোলের ক্লাবে প্রবেশ করল টটেনহ্যাম। এর আগে হাজার গোল করা অন্য চার দল হলো— ম্যানচেস্টার ইউনাইটেড, লিভারপুল, আর্সেনাল ও চেলসি।

তথ্যসূত্র: মেট্রো, স্পোটর্স স্টার

যুব সমাজের অবক্ষয় রোধে

খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে -বিচারপতি আবু জাফর সিদ্দিকী

যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার আপীল বিভাগের সরকারী কৌশুলী মোঃ আবু জাফর সিদ্দিকী।

লেখাপড়াকে অগ্রাধিকার দিয়ে খেলাধুলায় মনোযোগী হওয়ার কথাও উল্লেখ করেন তিনি। তাই যুব সমাজকে খেলাধুলায় আগ্রহী করতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এগিয়ে আসারও আহ্বান জানান তিনি।

গত শুক্রবার বিকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের আটিগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ইউনিয়ন পরিষদ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিচারপতি এসব কথা বলেন।

এ সময় তিনি আরও বলেন, যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। খেলাধুলার মাধ্যমে শরীরিক ও মানসিক বিকাশ ঘটে। লেখাপড়াকে অগ্রাধিকার দিয়ে খেলাধুলার প্রতি সকলের মনোযোগী হওয়া প্রয়োজন। খেলাধুলা একজন খেলোয়াড়কে শৃঙ্খলা রক্ষায় অভ্যস্থ করে তুলে।

খেলার মাধ্যমে ভাল খেলোয়াড় তৈরি হলে তারা দেশে বিদেশে সুনাম বয়ে আনতে পারবে। তাই লেখাপড়ার পাশাপাশি নতুন প্রজন্মকে খেলাধুলার প্রতি মনোযোগী হতে হবে। অনুষ্ঠানের বিশেষ অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ কে এম টিপু সুলতান তার বক্তব্যে বলেন, অপসংস্কৃতি সমাজকে গ্রাস করছে।

এর থেকে যুব সমাজকে বের করে মাঠে টেনে আনতে হবে। তিনি আরও বলেন, একটি সুস্থ জাতি দেশের উন্নয়নের অন্যতম নিয়ামক। সুস্থতা রক্ষায় খেলাধুলা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই শিক্ষার্থীসহ যুব সমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে গড়ে তুলতে হবে। এ জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে।

ছাতিয়ান ইউনিন পরিষদের চেয়ারম্যান কবির হোসেন বিশ্বাসের পরিচালনায় বিশেষ অতিথি হিসিবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক, মিরপুর উপজেলা নির্বাহী অফিসার আব্দুল কাদের,সহকারী কমিশনার হারুন অর রশিদ, দিশার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম প্রমুখ। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

দুই কারণে ভারতীয় কোচকে নিয়োগ দিল বিসিবি

টি-টোয়েন্টি ফরম্যাটে হবে এশিয়া কাপ। বছরের শেষদিকে টি-টোয়েন্টি বিশ্বকাপও রয়েছে। কিন্তু কুড়ি ওভারের ফরম্যাটে বাংলাদেশ দল অনুজ্জ্বল। এখনই সময় ব্যাটারদের পাওয়ার হিটিং শেখানো, পাওয়ার প্লে কাজে লাগানোর বুদ্ধিটা রপ্ত করার।

এমন পরিকল্পনাকে সামনে রেখে বৃহস্পতিবার পরিবর্তনের আভাস দেন বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন।

একদিন পরেই বিসিবি সভাপতি জানালেন, বাংলাদেশ দলের সঙ্গে যুক্ত হতে যাচ্ছেন ভারতীয় কোচ শ্রীধরন শ্রীরাম। রোববারই সাকিব বাহিনীকে নিয়ে মাঠে নামবেন তিনি।

এমন খবরে যে প্রশ্ন ওঠে, কে এই শ্রীরাম! ব্যক্তিগত ক্যারিয়ারে তার অর্জন কি?

পরিসংখ্যান বলছে, ক্যারিয়ারে স্পিন অলরাউন্ডার ছিলেন শ্রীরাম। তবে তার ক্যারিয়া বেশ ছোট। ভারতের জার্সি গায়ে মাত্র ৮টি ওয়ানযে খেলার অভিজ্ঞতা রয়েছে শ্রীরামের। আটটি ওডিআইতে ১৩.৫ গড়ে মাত্র ৮১ রান করেছেন তিনি। স্ট্রাইক রেট ৬০।

যেখানে টি-টোয়েন্টি ব্যাটারদের খেলা, সেখানে এমন ক্যারিয়ারের ব্যক্তিত্বকে কেন সাকিব-মুশফিকদের প্রশিক্ষক হিসেবে আনা হচ্ছে?

এ বিষয়ে শুক্রবার গুলশানে বিসিবি সভাপতি সাংবাদিকদের জানালেন,

হেড কোচ হিসেবে নয়; উপদেষ্টা হিসেবে বাংলাদেশ দলে যোগ দেবেন শ্রীরাম।

পাপন বলেন, ‘শ্রীরামকে আমরা শর্টলিস্ট করেছিলাম, সে ওই লিস্টে ছিল। এবং সে আমাদের এখানে ২১ তারিখ দুপুরবেলা আসার কথা। দায়িত্ব ঠিক না, মানে কোচ হিসেবে আসছে না। সে অবশ্যই হেড কোচ হিসেবে আসছে না। সে আসছে অ্যাজ অ্যা টেকনিক্যাল কনসালট্যান্ট হিসেবে। আসছে টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত।’

এরপরও প্রশ্ন থেকেই যায় – কী দেখে শ্রীরামকে নিয়োগ দিলো বিসিবি? তার যোগ্যতা কী? বিসিবি সভাপতি জানালেন, দুটি কারণে শ্রীরামকে যোগ্য মনে হয়েছে তাদের।

নাজমুল হাসান পাপন বলেন, ‘কতগুলো বিষয় বিবেচনায় আনা হয়েছে। যেহেতু তার আইপিএলের সঙ্গে সম্পৃক্ততা আছে। আমরা এমন কাউকে চাচ্ছিলাম যার সঙ্গে টি-টোয়েন্টির সম্পৃক্ততা আছে, অভিজ্ঞতা আছে। আর যেহেতু খেলা (টি-টোয়েন্টি বিশ্বকাপ) অস্ট্রেলিয়ায়, সে অস্ট্রেলিয়ায় অনেক দিন কাজ করেছে। এই দুটি কারণে তাকে আমরা বিশ্বকাপ পর্যন্ত নিয়েছি।’

আইপিএলও দুটি দলের কোচ হওয়ার অভিজ্ঞতা রয়েছে শ্রীরামের। আইপিএলের সঙ্গে তার সম্পৃক্ততা এবং অস্ট্রেলিয়ায় দীর্ঘদিন কাজ করার সুবাদে তার যে অভিজ্ঞতা, সেটি কাজে লাগাতেই বিসিবি তার শরণাপন্ন হয়েছে।

প্রশ্ন হলো, তিনি যদি দলের টেকনিক্যাল উপদেষ্টা হয়ে থাকেন, তাহলে প্রধান কোচের দায়িত্ব পালন করবেন কে? এ বিষয়টি সংবাদ সম্মেলনে খোলাসা করেননি বিসিবি সভাপতি।

এ ব্যাপারে নাজমুল হাসানক বলেন, ‘এটা আমরা এখনো ঠিক করিনি। ২২ তারিখ সবার সঙ্গে বসা হবে। বসে আমরা সিদ্ধান্ত নেব। অনেক পরিবর্তনই আসবে। একটা-দুটো জিনিস না।’

শিয়া কাপে দলের সঙ্গে হেড কোচ রাসেল ডমিঙ্গো যাচ্ছেন না? পাপন বলেন, ‘এশিয়া কাপে ডমিঙ্গোকে পাঠানো হবে কি না সেই সিদ্ধান্ত হবে সোমবার। আমরা তার সঙ্গে বসব। শ্রীরামের সঙ্গেও আলোচনা হবে। আসলে ওডিআই ও টেস্ট দলে ডমিঙ্গো মনোযোগ দেবে, এই হচ্ছে আমাদের পরিকল্পনা। আমরা সবকিছু আলাদা করতে চাই। কারণ সামনে আমাদের অনেক ম্যাচ। আর ডমিঙ্গোর পক্ষে সব সিরিজের জন্য ভ্রমণ করা সম্ভব নয়।

আমাদের প্রধান লক্ষ্য টি-টোয়েন্টি বিশ্বকাপ। এশিয়া কাপের আগে আমরা টেকনিক্যাল পরামর্শক আনলাম, যাতে তিনি দলের রণনীতি তৈরির সময় পান। টি-টোয়েন্টি বিশ্বকাপে ভালো করাই আমাদের মূল লক্ষ্য।’

এক নজরে শ্রীধরন শ্রীরাম

খেলোয়াড়ি ক্যারিয়ার:

* ভারতের হয়ে ২০০০ থেকে ২০০৪ সাল পর্যন্ত ৮টি ওয়ানডে খেলেছেন।
* প্রথম শ্রেণির ক্রিকেটে আছে ৩২টি সেঞ্চুরি, প্রায় ৫৩ গড়ে রান করেছেন সাড়ে নয় হাজারের ওপর। ১৩৩ ম্যাচে উইকেট নিয়েছেন ৮৫টি।
* লিস্ট ‘এ’ ক্রিকেটে ১৪৭ ম্যাচে প্রায় ৩৪ গড়ে চার হাজারের বেশি রান আছে শ্রীরামের। বল হাতে নিয়েছেন ১১৫ উইকেট।

কোচিং ক্যারিয়ার:
* অস্ট্রেলিয়ার সহকারী বোলিং কোচের দায়িত্ব পালন করেছেন।
* অস্ট্রেলিয়ার ২০২১ বিশ্বকাপজয়ী কোচিং প্যানেলের অংশ ছিলেন।
* আইপিএলে কিংস ইলেভেন পাঞ্জাবের বোলিং কোচের দায়িত্ব পালন করেছেন।
* রয়েল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর ব্যাটিং এবং স্পিন বোলিং কোচের দায়িত্ব পালন করেছেন।

গাড়াবাড়ীয়াতে প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়ীয়াতে প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে এ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

এ খেলায় একদিকে অংশ গ্রহন করেন গাড়াবাড়ীয়া ফুটবল একাদশ অপর দিকে অংশ গ্রহন করেন হিতিমপাড়া ফুটবল একাদশ। খেলায় ১-২ গোলে হারিয়ে গাড়াবাড়ীয়া বিজয় লাভ করেন।

খেলায় সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক মিজানুর রহমান রানা।

উক্ত খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন এম পি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক,গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক মকলেছুর রহমান মুকুল।

এছাড়াও উপস্থিত ছিলেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, জেলা পরিষদের সাবেক সদস্য ইমতিয়াজ হোসেন মিরন,উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আবুল বাশার, আওয়ামী লীগ নেতা আতু, গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি আসিকুজ্জামান,সহ সম্পাদক নাজমুল সাবেক জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শাহিন আলম, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান।

পরিচালনা করেন আবু হানিফ মেম্বর ও জিনারুল ইসলাম সহ আরো অনেকে।

কেকেআর নতুন কোচ চন্দ্রকান্ত পণ্ডিত

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) দল কলকাতা নাইট রাইডার্সের সঙ্গে আর থাকছেন না কিউই কিংবদন্তি ব্রেন্ডন ম্যাককালাম। ইংল্যান্ড টেস্ট ক্রিকেট দলের হেড কোচের দায়িত্ব পেয়েছেন তিনি।

তার জায়গায় শাহরুখ খানের দলের নতুন কোচ হিসেবে দায়িত্ব পেয়েছেন ভারতের ঘরোয়া ক্রিকেটের পরিচিত মুখ চন্দ্রকান্ত পণ্ডিত। যার অধীনে সবশেষ রঞ্জি ট্রফির শিরোপা জিতেছে মধ্যপ্রদেশ।

বুধবার ৬১ বছর বয়সি পণ্ডিতকে নিজেদের হেড কোচ হিসেবে ঘোষণা করে কেকেআর। বুধবার নিজেদের অফিসিয়াল ফেসবুক পেজে তারা লিখেছে— আমরা নতুন হেড কোচ পেয়েছি। নাইট রাইডার্সের পরিবারে স্বাগতম

চন্দ্রকান্ত পণ্ডিত।

এদিকে দায়িত্ব পেয়ে অভিভূত চন্দ্রকান্ত পণ্ডিত। তবে আইপিএলের মতো মেগা টুর্নামেন্টের একটি দলের দায়িত্বকে বড় চ্যালেঞ্জ মনে করছেন তিনি।

পণ্ডিত বলেন, ‘এটি আমার জন্য অনেক বড় সম্মানের বিষয়, পাশাপাশি অনেক বড় দায়িত্বও। আমি কেকেআর পরিবারের সংস্কৃতি সম্পর্কে জেনেছি। দলের খেলোয়াড় ও কোচিং স্টাফের প্রতিভার ওপর আমার পূর্ণ আস্থা রয়েছে। তাদের সঙ্গে কাজ করার জন্য মুখিয়ে রয়েছি আমি।’

ক্যারিয়ারে উইকেটরক্ষক ব্যাটার ছিলেন চন্দ্রকান্ত পণ্ডিত। ভারতের হয়ে ১৯৮৬ থেকে ১৯৯২ পর্যন্ত সময়ে পাঁচটি টেস্ট ও ৩৬ ওয়ানডে ম্যাচ খেলেছেন তিনি। এর পর কোচিং ক্যারিয়ারে মনোযোগ দেন পণ্ডিত। তার অধীনে মুম্বাই (২০০৩ ও ২০০৪) ও বিধর্বা (২০১৮ ও ২০১৯) পর পর দুই বছরে শিরোপা জিতেছে। সব মিলিয়ে কোচ হিসেবে ছয়টি রঞ্জি ট্রফি জিতেছেন তিনি।

তথ্যসূত্র: হিন্দুস্তান টাইমস।

প্রথম ম্যাচে অলআউট ‘এ’ দল, ব্যর্থ সাব্বির-সৌম্য

ওয়েস্ট ইন্ডিজ ‘এ’ দলের বিপক্ষে তিন ম্যাচের আন-অফিসিয়াল ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে আগে ব্যাট করে মাত্র ৮০ রানে অলআউট হয়েছে বাংলাদেশ ‘এ’ দল। সম্মানজনক স্কোর দাঁড় করাতে ব্যর্থ হয়েছেন ব্যাটাররা। এশিয়া কাপের স্কোয়াডে ডাক পাওয়া সাব্বির রহমান ও স্ট্যান্ড বাই সৌম্য সরকারও এদিন ভালো করতে পারেননি।

শুরুতে ব্যাট করতে নামা নাঈম শেখ ৫ বলে শূন্যহাতে সাজঘরে ফেরেন। এর পর ফর্মে থাকা সাইফ হাসানও ৫ বল খেলে তোলেন ৬ রান। বাংলাদেশের হয়ে সর্বোচ্চ ২৫ রান করেন জাকের আলি।

সৌম্য সরকারের ব্যাট থেকে আসে দ্বিতীয় সর্বোচ্চ ১৫ রান।

এন্ডারসন ফিলিপসের বলে তেজনারায়ণ চন্দরপলের কাছে ক্যাচ দিয়ে ফেরেন তিনি।

নানা জল্পনা-কল্পনার পর এশিয়া কাপের স্কোয়াডে ডাক পাওয়া সাব্বিরও নিজেকে প্রমাণ করতে ব্যর্থ হয়েছেন। আউট হওয়ার আগে ৬ বলে ৪ রান করেন এ ব্যাটার।

বাকিদের মধ্যে অধিনায়ক মোহাম্মদ মিঠুন ২০ বলে ১২, মাহমুদুল হাসান জয় ১৫ বলে ৪, আর মৃত্যুঞ্জয় চৌধুরী ১ বলে ০, নাইম হাসান ৫ বলে ০ রানে আউট হন।

শেষ পর্যন্ত ২৩ ওভার ২ বলে ৮০ রানে থামে বাংলাদেশ ‘এ’ দলের ইনিংস। ওয়েস্ট ইন্ডিজ ‘এ’ দল মাত্র ২৩ ওভার ৩ বলে ৬ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়।

ফের বল চাকিংয়ের অভিযোগ পাক পেসারের বিরুদ্ধে

চলিত বছর জানুয়ারি মাসে বিগ ব্যাশ লিগে হাসনাইনের বিরুদ্ধে বল ছোড়ার অভিযোগ ওঠে। যার ফলে সব ধরনের ক্রিকেট থেকে নির্বাসিত হন এই উদীয়মান ক্রিকেটার। অবশেষে বোলিং অ্যাকশন সংশোধন করে আবার ক্রিকেটে ফিরেছেন।

আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার পর আবারও দ্বিতীয়বারের মতো তার বিরুদ্ধে চাকিংয়ের অভিযোগ আনা হয়েছে। এবার হাসনাইনের বিপক্ষে অভিযোগ করলেন অস্ট্রেলীয় অলরাউন্ডার মার্কাস স্টয়নিস।

রোববার ইংল্যান্ডের দ্য হান্ড্রেডে ওভাল ইনভিন্সিবলসের সঙ্গে খেলা ছিল সাদার্ন ব্রেভসের। ম্যাচে ৭ উইকেটে হেরে যায় সাদার্ন। ২৭ বলে ৩৭ রান করেন স্টয়নিস। হাসনাইনের বলে খোঁচা দিয়ে আউট হন। আউট হয়ে সাজঘরে ফেরার সময় অসন্তোষ প্রকাশ করেন অজি ক্রিকেটার। হাতের ইশারায় সতীর্থদের দেখান হাসনাইন বল ছুড়েছেন।

গত জানুয়ারিতেও বল ছোড়ার অভিযোগ উঠেছিল হাসনাইনের বিরুদ্ধে।

অস্ট্রেলিয়ার বিগ ব্যাশ লিগে একাধিক ক্রিকেটার তার বোলিং অ্যাকশন নিয়ে সন্দেহ প্রকাশ করেন। একটি ম্যাচে পাক পেসারের বলে ‘নো’ ডাকেন ফিল্ড আম্পায়ার জেরার্ড অ্যাডোব। পরীক্ষার পর দেখা যায়, হাসনাইনের বোলিং অ্যাকশন বৈধ নয়। বল করার সময় তার হাত কনুই থেকে ১৫ ডিগ্রির বেশি ভাঙছে। নির্বাসন হয় হাসনাইনের। পরে বোলিং অ্যাকশন সংশোধন করে ক্রিকেটে ফিরেছেন ২২ বছরের এ তরুণ পেসার।

এই ম্যাচে অবশ্য হাসনাইনের বিরুদ্ধে বল ছোড়ার অভিযোগে ‘নো’ ডাকেননি আম্পায়াররা। কারণ তার সংশোধিত বোলিং অ্যাকশনকে মান্যতা দিয়েছে আইসিসি। পাকিস্তানের হয়ে আটটি ওয়ানডে ম্যাচ এবং ১৮ টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন হাসনাইন।

কারও সহানুভূতি চাই না: মুনিম শাহরিয়ার

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) ফরচুন বরিশালের হয়ে ব্যাটিংয়ে ঝড় তোলা মুনিম শাহরিয়ারকে নিয়ে দারুণ সম্ভাবনা দেখেছিল বিসিবি।

মুনিমের ভূয়সী প্রশংসা করে দেশসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান বলেছিলেন, এবারের বিপিএলের আবিষ্কার মুনিম।

কিন্তু জাতীয় দলে সুযোগ পেয়ে তা কাজে লাগাতে পারেননি ময়মনসিংহের এ তরুণ ক্রিকেটার। সব মিলিয়ে পাঁচটি আন্তর্জাতিক ম্যাচ খেলে ৭২ স্ট্রাইকরেটে মুনিমের সংগ্রহ মাত্র ৩৪ রান।

যে কারণে আসন্ন এশিয়া কাপ থেকে বাদ পড়লেন ঘরোয়া ক্রিকেটের এ দুর্দান্ত পারফরমার।

এদিকে ক্যারিয়ারের শুরুতেই বিয়ে ও এশিয়া কাপে বাদ পড়ার ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমে নেতিবাচক মন্তব্য শুনছেন তিনি। অনেকে আবার সহানুভূতি জানাচ্ছেন।

তবে এসব খোঁচা আর জাতীয় দল থেকে বাদ পড়ায় হতাশ নন মুনিম। সামাজিক যোগাযোগমাধ্যমে ঘুরে দাঁড়ানোর বার্তা দিলেন

ময়মনসিংহের এ তরুণ ক্রিকেটার। যোগ্যতা নিয়েই ফের জাতীয় দলে ফিরতে প্রত্যয়ী জানিয়ে মুনিম জানালেন, এ জন্য কারও কোনো সহানুভূতির প্রয়োজন নেই তার।

ফেসবুকে নিজের অফিসিয়াল পেজে মুনিম লিখেছেন— ‘আমি কারও সহানুভূতি চাই না। তবে আমি আবারও উড়ব। হয়তো আজকে অথবা কালকে অথবা কালকের পর দিন কিংবা তার পরের দিন। শুধু আমি ও আমার আল্লাহ্ জানে আমি কোথায় ছিলাম।’

তিনি আরও যোগ করেন, ‘আর কেউ আমার কথা জানুক বা না জানুক সেটি কোনো বিষয় না। তবে আমি আশা করি একদিন সবাই দেখবে যে আমি পারি। ইনশাআল্লাহ্ শিগগির আমি নিশ্চিতভাবেই ঘুরে দাঁড়াব।’

সবশেষ বিপিএলে মাত্র ৬ ইনিংস খেলে ১৫২ স্ট্রাইকরেটে ১৭৮ রান করে তাক লাগিয়ে দেন মুনিম। ২০২১ সালে টি-টোয়েন্টি ফরম্যাটে হওয়া ঢাকা প্রিমিয়ার লিগেও ১৪৩ স্ট্রাইকরেটে ৩৫৫ রান করেছিলেন মুনিম।

চলতি বছরের মার্চে আফগানিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে প্রথমবারের মতো জাতীয় দলে খেলার সুযোগ পান তিনি। এর পর ওয়েস্ট ইন্ডিজ ও জিম্বাবুয়ে সফরেও সুযোগ দেওয়া হয় তাকে।

কিন্তু তিন সিরিজে সুযোগ পেয়েও বলার মতো কিছুই করে দেখাতে পারেননি তিনি। সব মিলিয়ে পাঁচ ম্যাচ খেলে মাত্র ৭২ স্ট্রাইকরেটে মুনিমের সংগ্রহ মাত্র ৩৪ রান।

ওয়েস্ট ইন্ডিজ ও জিম্বাবুয়ে সফরের তিন ম্যাচে তো দুই অংকের ঘরেই যেতে পারেননি ২৪ বছর বয়সি ওপেনার।

লালকার্ড দেখলেন বার্সা অধিনায়ক

নিবন্ধন জটিলতা কাটিয়ে শনিবার রাতে মাঠে নামলেন রবের্ত লেওয়ানডস্কি, রাফিনিয়া ও উসমান দেম্বেলে।

নব্বই মিনিট ধরে একের পর এক তারা আক্রমণও চালালেন; কিন্তু লক্ষ্যভেদ করতে পারলেন না কেউ।

ম্যাচের প্রায় ৭০ শতাংশ সময় বলের নিয়ন্ত্রণ ছিল বার্সেলোনার দখলে। গোলের জন্য অন্তত ২১টি শট করে মাত্র ছয়টি লক্ষ্য বরাবর রাখতে পেরেছে তারা। কিন্তু পায়নি কোনো গোল।

ফলে নিজেদের মাঠ কাম্প ন্যুয়ে রায়ো ভাইয়েকানোর বিপক্ষে গোলশূন্য ড্র করেছে বার্সেলোনা। পয়েন্ট হারিয়ে লা লিগা অভিযান শুরু হলো জাভি হার্নান্দেসের দলের।

অবশ্য ১০ম মিনিটেই জালের দেখা পেয়েছিলেন লেওয়ানডস্কি। কিন্তু অফসাইড আইনে গোল বাতিল হয়।

এরপর শুরু হয় একের পর এক সুযোগ হারানো। ১৮তম মিনিটে এ পোলিশ তারকার পাস ধরে দেম্বেলের নেওয়া শট ঠেকিয়ে দেন ভাইয়েকানোর গোলরক্ষক।

৩৬তম মিনিটে ডি-বক্সের মুখে বল পেয়েও ভুল শট নেন স্প্যানিশ মিডফিল্ডার পেদ্রি।

হতাশায় প্রথমার্ধ শেষ করে বার্সা।

দ্বিতীয়ার্ধের শুরুতে অবশ্য গোল খেয়ে বসছিল বার্সা। দ্বিতীয়ার্ধের ষষ্ঠ মিনিটে তরুণ স্প্যানিশ ফরোয়ার্ড সের্হিও কামেইয়ো গোলরক্ষককেও কাটিয়ে দুরূহ কোণ থেকে শট নেন; তবে তার শট অল্পের জন্য লক্ষ্যভ্রষ্ট হয়।

গোলের দেখা না পেয়ে ৬০তম মিনিটে একসঙ্গে তিনটি পরিবর্তন আনেন কোচ জাভি। রাফিনিয়ার বদলি নামা আনসু ফাতিকে। তার একটি দুর্দান্ত শট ঝাঁপিয়ে ঠেকিয়ে দেন গোলরক্ষক।

এর তিন মিনিট পর সের্হিও বুসকেতসের বুলেট গতির শটও দারুণ নৈপুণ্যে ফেরান গোলরক্ষক স্তই দিমিত্রিয়েভস্কি।

আক্রমণের ধার আরও বাড়াতে ৮৪তম মিনিটে ডিফেন্ডার আলবাকে তুলে ফরোয়ার্ড পিয়েরে-এমেরিক অবামেয়াংকে নামান জাভি। মাঠে নামার পরের মিনিটেই ব্যবধান গড়ে দিতে পারতেন তিনি। কিন্তু তার শট রক্ষণে প্রতিহত হয় আর ফিরতি বলে লেওয়ানডস্কির শট একটুর জন্য লক্ষ্যভ্রষ্ট হয়।

এর চার মিনিট পর ফাতির শট গোলরক্ষক ঠেকান। কিন্তু ফঁক কেসিয়ে জালে বল জড়িয়ে দেন। কিন্তু ম্যাচে সেই অফসাইডের আইনে সেই গোলও বাতিল হয়।

শেষ বাঁশি বাজার ঠিক আগে দিয়ে। প্রতিপক্ষের তারকা ফরোয়ার্ড রাদামেল ফ্যালকাওকে কড়া ফাউল করে দ্বিতীয় হলুদ কার্ডের ফলে লাল কার্ড দেখেন বার্সার অধিনায়ক সার্জিও বুসকেটস।